

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪১৯(আগরতলা ১১)
সোনামুড়া, ১ জানুয়ারি, ২০২৪

প্রতি ঘরে সুশাসন ২.০
কেমতলীতে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি নলছড় ইউনিয়নে কেমতলী গ্রাম পঞ্চায়েতে দু'দিনব্যাপী বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে শ্রম দপ্তর থেকে ৬১ জনকে নির্মাণ শাস্তি প্রকল্পে এবং ৩৩ জনকে ই-শ্রম কার্ডের আওতায় আনার জন্য নাম নথিভুক্ত করা হয়। ১০টি স্বস্থায়ক দলকে পিএম বিশুকর্মা প্রকল্পের সুবিধা দেওয়ার জন্য নাম নথিভুক্ত করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ১০ জন প্রসূতি মা কে পোষণ কিটস দেওয়া হয়। নলছড় ইউনিয়ন থেকে ২০টি পরিবারকে আরওআর সার্টিফিকেট প্রদানের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়াও সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৬৭ জনকে ইনকাম, ৯৩ জনকে পিআরটিসি, ৪৫ জনকে এসসি, ৫ জনকে ওবিসি ও ৫ জনকে ম্যারেজ সার্টিফিকেট প্রদানের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। এছাড়া বন দপ্তর থেকে ১৫০ জনকে বিভিন্ন গাছের চারা দেওয়া হয়।
